

নিসংগতা

জাফর হোসেন

ধীরে ধীরে নিসংগতা সংগি হয়ে যায়
এ যেন প্রস্তুতি ! দেহত্যাগের শেষ সংকেত ।
তবুও বসে থাকি শহরের মধ্যমনিতে
হাজার মানুষ দেখবো বলে ।

বসন্তের শেষ পাতা নিয়ে আসে বার্তা
ক্লান্ত পায়ে তুমি আসো দুয়ারে গোছানো শেষ সম্বল
তারপর ট্রেন আসে ।ঝিক ঝিক শব্দে চলে যায় দিগন্তের
ওপারে
আমাদের তরুণ ভালোবাসা ।

তুমি আসো স্বল্প সময়ের অবসরে
উত্তেজনায় শেষ হয় সুরাপান
তারপর ছোট খাটো সুখ দুঃখ আনন্দ বেদনার কাব্য
রচনা ।

কেউ থেমে থাকে না । ছিটকে চলে যায় জগৎ থেকে
জগতে ।
কাছে এসে আবার দূরে চলে যায়
গ্রহ নক্ষত্রের এ খেলা
কেবলই ক্লান্ত করে আমাদের বিক্ষত হৃদয় ।

গোলড কোষ্ট
১১/১১/২০০৭